

WE ARE YOUR DOL



Department
of Labor

নিউ ইয়র্ক যুব কর্মসংস্থান প্রকল্প (NEW YORK YOUTH JOBS PROGRAM) ব্যবসার জন্য তথ্য

2012 সালে প্রথম শুরু হয়ে নিউ ইয়র্ক যুব কর্মসংস্থান প্রকল্পের লক্ষ্য ছিল যুব সম্প্রদায়কে কাজে জগতে প্রবেশ করার ক্ষেত্রে সফল হতে সাহায্য করা। অংশগ্রহণকারীরা কর্মীবৃন্দের গুরুত্বপূর্ণ দক্ষতা লাভ করবেন যা তাদেরকে কর্মজীবনে অনেকদিন পর্যন্ত সাহায্য করবে এবং অংশগ্রহণকারী ব্যবসায়ীরা প্রতিটি যোগ্য নিয়োগের জন্য \$7,500 বা তার বেশি ট্যাক্স ক্রেডিট পাবেন। শুরুতে 13টি স্থির করা এলাকায় সীমিত থাকলেও কার্যক্রমটিকে আবার করে 2022 পর্যন্ত এবং স্টেট জুড়ে সম্প্রসারণের মাধ্যমে অনুমোদন দেওয়া হয়।

কী পাওয়া যাবে?

- 13টি স্থির করা এলাকায় বসবাসরত তরুণদেরকে ব্যবসায় নিয়োগ করলে \$20 মিলিয়ন ট্যাক্স ক্রেডিট
- নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্ট এলাকাগুলিতে বসবাসরত তরুণদেরকে ব্যবসায় নিয়োগ করলে \$20 মিলিয়ন ট্যাক্স ক্রেডিট

কে যোগ্য?

- নিউ ইয়র্ক স্টেটে প্রকৃত অবস্থান রয়েছে এমন সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠান যাদের উত্তম আইনি স্থিতি রয়েছে
- নিউ ইয়র্ক স্টেটে বসবাসরত 16-24 বছরের তরুণরা

কীভাবে আবেদন করবেন

নিউ ইয়র্ক যুব কর্মসংস্থান প্রকল্পে অংশ নিতে ব্যবসার শংসিত হওয়া আবশ্যিক। শংসায়নের আবেদন করতে ব্যবসায়ীদের 30 নভেম্বরের মধ্যে অনলাইনে আবেদন সম্পূর্ণ করা আবশ্যিক: www.labor.ny.gov/youthjobs.

আগের বছরের কার্যক্রমের জন্য শংসিত ব্যবসায়ীরা তাদের যোগাযোগের তথ্য প্রদান করে এবং পরিষেবা চুক্তির শর্তাবলী প্রত্যয়ন করে পুনরায় শংসায়নের আবেদন করতে পারে।

কোনও ব্যবসা কেবল কার্যক্রম-যোগ্য নিয়োগের ক্ষেত্রে ট্যাক্স ক্রেডিট দাবি করতে পারে - নতুন নিয়োগে 16 থেকে 24 বছরের তরুণরা কার্যক্রমে অংশ নেয়ার জন্য শংসিত। শ্রম বিভাগ (Department of Labor) আপনার কর্মখালির জন্য সবচেয়ে উপযুক্ত শংসিত প্রার্থীদের প্রেরণ করবে। কোনও ব্যবসা অন্য কোনও উপায়ে প্রার্থী পেয়ে গেলে শ্রম বিভাগের কর্মীরা তাদেরকে শংসিত হতে সাহায্য করতে পারেন।

অনুগ্রহ করে মনে রাখবেন: কোনও ব্যবসা কোনও শংসিত তরুণকে জিজ্ঞাসা করতে পারে না যে কেন সে এই কার্যক্রমে অংশগ্রহণের যোগ্য, কারণ তা গোপনীয় তথ্য।

শংসিত তরুণের 1 জানুয়ারী ও 31 ডিসেম্বরের মধ্যে কাজ শুরু করা আবশ্যিক।

ক্রেডিটের রাশি

পূর্ণ সময়ের (সপ্তাহে 35 ঘন্টার বেশি) সর্বাধিক \$7,500

- প্রতি মাসে \$750, সর্বোচ্চ ছমাস (সর্বাধিক \$4,500)
- তরুণকে কাজের প্রথম ছমাসের পরে আরও ছমাসের জন্য নিযুক্ত রাখতে \$1,500 (পুরো একবছর কর্মরত)
- তরুণকে কাজের দ্বিতীয় বছর পুরো সময়ের জন্য নিযুক্ত রাখতে \$1,500

আংশিক সময়ের (20-34 ঘন্টা/সপ্তাহ অথবা হাই স্কুলে ভর্তি হলে 10-34 ঘন্টা/সপ্তাহ) সর্বাধিক \$3,750

- প্রতিমাসে \$375, সর্বোচ্চ ছমাস (সর্বাধিক \$2,250)
- তরুণকে কাজের প্রথম ছমাসের পরে আরও ছমাসের জন্য নিযুক্ত রাখতে \$7,50 (পুরো একবছর কর্মরত)
- তরুণকে কাজের দ্বিতীয় বছর পুরো সময়ের জন্য নিযুক্ত রাখতে \$7,50

ট্যাক্স ক্রেডিটের রাশি আপনার করের দায়ের থেকে বেশি হলে আপনি অতিরিক্ত অর্থ ফেরত হিসেবে পেতে পারেন। ক্যালেন্ডার বছর শেষের আগেই অর্থায়নের দায় পুরোপুরি মেটানো হলে কার্যক্রমটি বন্ধ হয়ে যাবে।

প্রশ্ন আছে?

কার্যক্রম সম্পর্কে আরও তথ্যের জন্য, **1-877-226-5724** নম্বরে ফোন করুন অথবা ইমেল: youthjobs@labor.ny.gov.